(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
(সংস্থাপন শাখা)
www.noakhali.gov.bd

নম্বর: ০৫.৪২.৭৫০০.০০৬.১১.০২২.২৪-১৫৩

তারিখ: ০৯ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার স্মারক নং-০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০০১.২৩-৭৮, তারিখ: ০৩ জুলাই ২০২৫ মূলে প্রাপ্ত ছাড়পত্র ও বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রামের বিভাগীয় নির্বাচনি বোর্ড, চট্টগ্রাম-এর ১৮ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের ০৫.৪২.২০০০.০০০.০০৩.০৩.০০০৯.১৬.৬৪ নং স্মারকের পরিপ্রেক্ষিতে 'জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত ২০২৪)' মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ মোতাবেক অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে **https://dcnoakhali.teletalk.com.bd** ওয়েবসাইটে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | কার্যালয়ের নাম | পদের নাম | শূন্য পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৯ (নয়) টি | গ্রেড-১৬ =৯,৩০০-২২,৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা (কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে)। |
| ০২. | জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী | বেঞ্চ সহকারী | ০২ (দুই) টি | গ্রেড-১৬ =৯,৩০০-২২,৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা (কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে)। |

## আবেদনের শর্তাবলি:

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. প্রার্থীর বয়স আগামী ১৪-১০-২০২৫ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. বিভাগীয় (চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে। তাছাড়া, চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না।

৪. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৫. কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৬. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৭. প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://dcnoakhali.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫/০৯/২০২৫ খ্রি., সকাল ১০.০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪/১০/২০২৫ খ্রি., বিকাল ৫.০০ টা।
iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যেকোন Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র জমাদানের পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় ০১ (এক) কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র submit হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে **অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও বেঞ্চ সহকারী** পদের পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১২.০০ (বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন । **উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

**নিয়মাবলী:**

**প্রথম SMS: dcnoakhali**<space>**User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **dcnoakhali ABCDEF** send to 16222
**Reply**: Applicant's Name Tk. 112/- will be charged as application fee, Your PIN 12345678. To pay fee Type dcnoakhali<space>YES<space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS: dcnoakhali**<space>**YES**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **dcnoakhali YES 12345678** send to 16222
**Reply**: Congratulation Application's Name payment completed successfully for DCNOAKHALI Application for ×××××××××× USER ID is (ABCDEF) and Password (××××××××××)
দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন।

চ. SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

ছ. SMS-এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঝ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dcnoakhali.teletalk.com.bd অথবা জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী'র www.noakhali.gov.bd তথ্য বাতায়নে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে। শুধু Teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে **dcnoakhali**<space>**Help**<space>**User**<space>**User ID** send to 16222
Example: **dcnoakhali Help User ABCDEF** & Send to 16222

ii. PIN জানা থাকলে **dcnoakhali**<space>**Help**<space>**PIN**<space>**PIN NO.** send to 16222
Example: **dcnoakhali Help PIN 12345678** & Send to 16222

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.quary@teletalk.com.bd বা alljobs.quary@ teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৯। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও নোয়াখালী জেলার ওয়েবপোর্টাল www.noakhali.gov.bd এবং **https://dcnoakhali.teletalk.com.bd** অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ সময় ও অন্যান্য তথ্য www.noakhali.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১১. **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তাঁর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নম্বর: ক-চ) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদসহ)।

খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ ও অন্যান্য সনদ।

গ) কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ অথবা প্রমাণপত্র। যেমন-

১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী-এ মর্মে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

২. এতিম/শারীরিক প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত এতিম/প্রতিবন্ধী সনদ।

৩. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ।

৪. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।

ঘ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

ঙ) পৌরসভার মেয়র/প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি।

চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১২. নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

খন্দকার ইসতিয়াক আহমেদ
জেলা প্রশাসক
নোয়াখালী
ফোন: ০২৩৩৪৪৯১০২১
ইমেইল: dcnoakhali@mopa.gov.bd

নম্বর: ০৫.৪২.৭৫০০.০০৬.১১.০২২.২৪-১৫৩(১/২৩০)

তারিখ: ০৯ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৫। জেলা প্রশাসক.....................................(সকল)
৬। পুলিশ সুপার, নোয়াখালী
৭। সিভিল সার্জন, নোয়াখালী
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী
৯। প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, নোয়াখালী
১০। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা

১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী

১২। প্রশাসক,....................................................পৌরসভা (সকল), নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

১৩। উপজেলা নির্বাহী অফিসার..........................................(সকল), নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

১৪। সিনিয়র তথ্য অফিসার, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

১৫। সহকারী কমিশনার (ভূমি),................................................(সকল), নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

১৬। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার,..................................................শাখা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী

১৭। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী
(বিজ্ঞপ্তিটি জেলা তথ্য বাতায়নের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)

১৮। উপ-মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ভ্যালু এ্যাডেড সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কর্মাশিয়াল কমপ্লেক্স, হোল্ডিং নং-৩/এ, ৫/এ,৭/এ রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২

১৯। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, নোয়াখালী

২০। ইউপি চেয়ারম্যান/প্রশাসক,.........................................................................ইউনিয়ন পরিষদ (সকল), নোয়াখালী
(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

২১। সভাপতি/সম্পাদক, নোয়াখালী প্রেস ক্লাব

২২। সম্পাদক, .........................................................................................................................................................
(তাকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভিতরের পাতায় আগামী ০২ (দুই) দিনের মধ্যে ০১ (এক) দিনের জন্য প্রকাশ এবং প্রচারিতব্য সংখ্যার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

২৩। ওয়েবসাইট/নোটিশ বোর্ড

২৪। অফিস কপি

জেলা প্রশাসক
নোয়াখালী